অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/17/2026 **গভর্নর ক্যাথি হোকল**

ইন্টারস্টেট 84 ও 684 সংযোগকারী দুটি সেতু প্রতিস্থাপনে 24.5 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্প শুরুর ঘোষণা দিলেন গভর্নর হোকল

নতুন সেতুগুলো প্রধান যাতায়াত হাব বা কেন্দ্রে যান চলাচল স্বাভাবিক রাখবে, শব্দদূষণ কমাবে এবং ভবিষ্যতের রক্ষণাবেক্ষণ খরচ হ্রাস করবে

প্রকল্পটি নিরাপত্তা বৃদ্ধি করবে, যান চলাচল উন্নত করবে এবং গুরুত্বপূর্ণ হাডসন ভ্যালি সংযোগস্থলে আরো টেকসই অবকাঠামো গড়ে তুলবে

গভর্নর Kathy Hochul (ক্যাথি হোকল) আজ ঘোষণা করেছেন যে, পাটনাম কাউন্টির (Putnam County) সাউথইস্ট শহরে (Town of Southeast) ইন্টারস্টেট 84 পশ্চিমমুখী থেকে ইন্টারস্টেট 684 দক্ষিণমুখী র‍্যাম্পে অবস্থিত 59 বছরের পুরনো দুটি সেতু প্রতিস্থাপনে 24.5 মিলিয়ন মার্কিন ডলারের প্রকল্পের কাজ শুরু হয়েছে। এই প্রকল্পের মাধ্যমে পুরনো অবকাঠামো সরিয়ে আরো প্রশস্ত ও টেকসই সেতু নির্মাণ করা হবে। এটি নিরাপত্তা বৃদ্ধি করবে এবং নিউ ইংল্যান্ড (New England) ও লোয়ার হাডসন ভ্যালি (Hudson Valley)-কে সংযুক্তকারী এই প্রধান প্রবেশদ্বারে নিরবচ্ছিন্ন যাতায়াত নিশ্চিত করবে। এছাড়া, স্থায়িত্ব বৃদ্ধি এবং স্থানীয় বাস্তুতন্ত্র (ইকোসিস্টেম) রক্ষার জন্য পরিবেশবান্ধব প্রকৌশল পদ্ধতি ব্যবহার করা হবে।

"হাডসন ভ্যালি জুড়ে গুরুত্বপূর্ণ অবকাঠামো খাতে বিনিয়োগ করার যে চলমান প্রতিশ্রুতি আমাদের রয়েছে, এই প্রকল্প তারই আরেকটি উদাহরণ। এই উদ্যোগটি আমাদের স্থানীয় জনগোষ্ঠীর চাহিদার ওপর আলোকপাত করবে, অর্থনীতিকে এগিয়ে নেবে এবং জীবনযাত্রার মান উন্নত করবে," **গভর্নর Hochul (হোকল) বলেন।** "এই পুরনো সেতুগুলো প্রতিস্থাপনের মাধ্যমে আমরা এমন একটি প্রধান সংযোগস্থলকে আধুনিকীকরণ করছি যার ওপর নিউ ইয়র্কবাসীরা প্রতিদিন নির্ভর করেন। এর মাধ্যমে নিশ্চিত হবে যে মানুষ ও পণ্য পরিবহন নিরবচ্ছিন্ন থাকবে এবং আমাদের সমাজ ক্রমাগত সমৃদ্ধি লাভ করবে।"

এই কাজের মধ্যে দুটি সেতু প্রতিস্থাপন অন্তর্ভুক্ত রয়েছে — একটি ইন্টারস্টেট 84-এর ওপর এবং অন্যটি ইন্টারস্টেট 684-এর ওপর। নতুন সেতুগুলো আরো দক্ষ ও প্রশস্ত র‍্যাম্পের সুযোগ তৈরি করবে, যেখানে জরুরি যানবাহনের চলাচলের জন্য অতিরিক্ত শোল্ডার স্পেস থাকবে এবং তা ফেডারেল নিরাপত্তা মানদণ্ড পূরণ করবে। নতুন সেতুগুলোর উচ্চতা হবে 16 ফুট 6 ইঞ্চি — যা মূল কাঠামোর চেয়ে বেশি। এটি আধুনিক ইন্টারস্টেট মানদণ্ডের সাথে সামঞ্জস্যপূর্ণ হবে এবং সেতুতে যানবাহন ধাক্কা লাগার ঝুঁকি কমাবে।

স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশনের কমিশনার Marie Therese Dominguez (মেরি থেরেসি ডোমিঙ্গুয়েজ) বলেন, "ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশন যখন ভবিষ্যতের জন্য পরিকল্পনা ও নির্মাণকাজ করে, তখন আমরা উদ্ভাবনকে চালিত করতে এবং আরো টেকসই কাঠামো তৈরি করতে প্রতিটি প্রযুক্তি ব্যবহার করি। এটি যেমন আমাদের সবার জন্য আরো টেকসই পরিবেশ তৈরি করে, তেমনি নিউ ইয়র্ক (New York)-এর পরিবহন নেটওয়ার্ককেও আধুনিক করে তোলে। এই প্রকল্পগুলো হাডসন ভ্যালি এবং পুরো নিউ ইয়র্ক স্টেট (New York State) জুড়ে পরিবহন অবকাঠামোতে বিনিয়োগের ক্ষেত্রে গভর্নর Hochul (হোকল)-এর দৃঢ় ও ঐতিহাসিক প্রতিশ্রুতির অনন্য দৃষ্টান্ত।"

পরিবেশ সুরক্ষায় বিভাগের প্রতিশ্রুতির অংশ হিসেবে, ঝড়ের জল প্রবাহ ব্যবস্থাপনা, পলি দূরীকরণ, দূষক পদার্থ ফিল্টার করা এবং জলকে প্রাকৃতিকভাবে মাটিতে শোষিত হওয়ার সুযোগ দেওয়ার জন্য র‍্যাম্প বরাবর ঘন উদ্ভিদে ঢাকা পাঁচটি পরিবেশবান্ধব ঢালু চ্যানেল (ভেজিটেশন সোয়েল) স্থাপন করা হবে। উপরন্তু, এই সোয়েলগুলো ঝড়ের সময় চলাচলের লেনে জলের প্রবাহ কমাবে, যা সড়ক বন্ধের ঝুঁকি হ্রাস করবে এবং সেতুর ভিত্তিকে দীর্ঘমেয়াদী ক্ষয় থেকে রক্ষা করবে। নতুন স্প্যানগুলোতে শব্দদূষণ কমাতে, দীর্ঘমেয়াদী রক্ষণাবেক্ষণ খরচ হ্রাস করতে এবং আরো মসৃণ চলাচলের পথ তৈরি করতে জয়েন্টলেস ব্রিজ ডেক ব্যবহার করা হবে। সেই সাথে ওয়ার্ম মিক্স অ্যাসফল্ট ব্যবহার করা হবে এবং সাইটে অন্যান্য উপাদান প্রযোজ্য ক্ষেত্রে পুনর্ব্যবহার করা হবে।

নির্মাণকাজ চলাকালে মোটরচালকদের পর্যায়ভিত্তিক কাজ এবং লেন পরিবর্তনের মধ্য দিয়ে টানা এই র‍্যাম্প ব্যবহার করতে হবে। ইন্টারস্টেট 84 ও 684-তে যাতায়াতকারীদের ভাঙাগড়াকাজের জন্য রাতে কয়েকবার সড়ক বন্ধের বিষয়টি মাথায় রাখতে হবে। ইন্টারস্টেট 684-এর ওপরের সেতুটির কাজ 2027 সালে এবং ইন্টারস্টেট 84-এর ওপরের সেতুটির কাজ 2028 সালের মধ্যে শেষ হবে বলে আশা করা হচ্ছে।

ইউ.এস. সিনেটর Charles Schumer (চার্লস শুমার) বলেন, "I-84 পশ্চিমমুখী থেকে I-684 দক্ষিণমুখী সংযোগকারী সেতুগুলো হাডসন ভ্যালি এবং নিউ ইংল্যান্ডের মধ্যে অত্যন্ত গুরুত্বপূর্ণ সংযোগ মাধ্যম। পাটনাম কাউন্টির মানুষের জন্য এই পুরোনো সেতুগুলো প্রতিস্থাপনে আমার 'বাইপার্টিসান ইনফ্রাস্ট্রাকচার অ্যান্ড জবস ল' থেকে 22 মিলিয়ন মার্কিন ডলারের বেশি অর্থ বরাদ্দ দিতে পেরে আমি গর্বিত। নতুন ও আধুনিক সেতুগুলো স্থায়িত্ব বাড়াবে এবং এই গুরুত্বপূর্ণ প্রবেশদ্বারে আরো মসৃণ ও নিরাপদ যাতায়াত নিশ্চিত করবে; পাশাপাশি ভালো বেতনের নির্মাণ কাজের সুযোগ তৈরি করবে। আমি গভর্নর Hochul (হোকল)-এর কাজের জন্য কৃতজ্ঞ, যিনি অত্যন্ত দক্ষতার সাথে ফেডারেল তহবিলের সঠিক ব্যবহার করছেন এবং হাডসন ভ্যালিতে একটি নিরাপদ ভবিষ্যতের পথ সুগম করছেন।"

স্টেট সিনেটর Pete Harckham (পিট হার্কহাম) বলেন, "নিউ ইয়র্কের অর্থনীতিকে শক্তিশালী করার কাজ আমরা অব্যাহত রেখেছি, তাই আমাদের সড়ক ও সেতুর মতো গুরুত্বপূর্ণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ করা আমার অন্যতম প্রধান অগ্রাধিকার। I-84 ও I-684-এর সংযোগস্থলে সেতু প্রতিস্থাপন প্রকল্পটি অত্যন্ত প্রয়োজনীয় ছিল এবং এটি একটি সমস্যাযুক্ত ট্রাফিক জট দূর করবে। যাতায়াতের নিরাপত্তা এবং আমাদের ভবিষ্যতের অর্থনৈতিক প্রবৃদ্ধির

প্রতি প্রতিশ্রুতিবদ্ধ থাকার জন্য আমি গভর্নর Hochul (হোকল), স্টেট আইনসভার আমার সহকর্মী এবং ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশনের প্রতি কৃতজ্ঞতা জানাচ্ছি।"

পাটনাম কাউন্টি এক্সিকিউটিভ Kevin Byrne (কেভিন বাইর্ন) বলেন, "আমাদের রাস্তা এবং সেতুগুলো কেবল পাকা রাস্তা আর স্টিলের কাঠামো নয়। এগুলো এমন এক বন্ধন যা পাটনাম কাউন্টির পরিবারগুলোকে আমাদের স্কুল, হাসপাতাল, পার্ক, ব্যবসা প্রতিষ্ঠান এবং জীবনের প্রয়োজনীয় সবকিছুর সাথে নিরাপদে যুক্ত করে। এগুলো হাডসন ভ্যালিতে দর্শনার্থীদের নিয়ে আসে, অর্থনৈতিক উন্নয়নকে ত্বরান্বিত করে এবং মানুষকে নিউ ইয়র্কে বিনিয়োগ করার আত্মবিশ্বাস দেয়। কাউন্টি পর্যায়ে, আমরা আমাদের স্থানীয় অবকাঠামো রক্ষণাবেক্ষণ ও উন্নত করতে নিষ্ঠার সাথে কাজ করেছি এবং আমি গর্বিত যে পাটনাম কাউন্টিতে বর্তমানে কোনো ঝুঁকিপূর্ণ (রেড-ফ্ল্যাগ) সেতু নেই। একই সাথে, ইন্টারস্টেট 84 ও 684 আমাদের বাসিন্দা, নিত্যযাত্রী এবং স্থানীয় অর্থনীতির জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ করিডোর হিসেবে রয়ে গেছে। পুরনো অবকাঠামো প্রতিস্থাপন, নিরাপত্তা ও নির্ভরযোগ্যতা বৃদ্ধি এবং এই ব্যস্ত সড়কগুলো যেন আগামী কয়েক দশক ধরে আমাদের অঞ্চলে সেবা দিয়ে যেতে পারে তা নিশ্চিত করার প্রতিশ্রুতির জন্য আমি গভর্নর Hochul (হোকল), আমাদের স্টেট লেজিসলেটর এবং স্টেট ডিপার্টমেন্ট অব ট্রান্সপোর্টেশনকে ধন্যবাদ জানাই।"

ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন সম্পর্কে
নিউ ইয়র্ক স্টেট ডিপার্টমেন্ট অফ ট্রান্সপোর্টেশন-এর মিশন হলো একটি নিরাপদ, নির্ভরযোগ্য, ন্যায়সঙ্গত এবং স্থিতিস্থাপক পরিবহন ব্যবস্থা প্রদান করা, যা কমিউনিটিগুলোকে সংযুক্ত করে, জীবনমান উন্নত করে, পরিবেশকে রক্ষা করে, এবং নিউ ইয়র্ক স্টেটের অর্থনৈতিক কল্যাণকে সমর্থন করে।

এখানে জীবনের ঝুঁকি আছে; ধীরে চলুন এবং হাইওয়ে কর্মীদের জন্য জায়গা করে দিন।

আরো তথ্য জানতে আমাদেরকে ফেসবুকে খুঁজুন, এক্স বা ইনস্টাগ্রামে অনুসরণ করুন অথবা আমাদের ওয়েবসাইট ভিজিট করুন। ভ্রমণ বিষয়ক সর্বশেষ তথ্য জানতে, 511 নম্বরে কল করুন, www.511NY.org ভিজিট করুন অথবা বিনামূল্যের 511NY মোবাইল অ্যাপ ডাউনলোড করুন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418
গভর্নরের অফিস থেকে আপডেট পেতে সাইন-আপ করুন: ny.gov/signup | NEW YORK লিখে 81336 নম্বরে টেক্সট পাঠান

আনসাবস্ক্রাইব করুন
এই গ্রুপ থেকে আনসাবস্ক্রাইব করতে এবং এর থেকে ইমেইল পাওয়া বন্ধ করতে press.release+unsubscribe@exec.ny.gov ঠিকানায় একটি ইমেইল পাঠান।